[redacted]

[redacted] [redacted] [redacted] [

আলমডাঙ্গায় মোটরসাইকেলের ধাক্কায় কৃষক নিহত

আলমডাঙ্গায় রাস্তা পারাপারের সময় মোটরসাইকেলের ধাক্কায় আয়ুব আলী
(৬০) নামের একজন কৃষক নিহত হয়েছেন। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের জগন্নাথপুর এলাকায় এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলে তার মৃত্যু হয়েছে।

এ দুর্ঘটনায় আহত হয়েছেন মোটরসাইকেলচালক মাহবুব আলম (৩৮)। তিনি উপজেলার খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া এলাকার আনিসুজ্জামানের ছেলে।

স্থানীয়–পুলিশ সূত্রে জানা যায়, মঙ্গলবার সকালে আয়ুব আলী মাঠে কৃষি কাজ করে বাড়ির উদ্দেশ্যে তিনি আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়ক পার হচ্ছিলেন। এ সময় আলমডাঙ্গা থেকে কুষ্টিয়ামুখী একটি মোটরসাইকেল তাঁকে ধাক্কা দেয়। এতে তিনি ও মোটরসাইকেলচালক সড়কের ওপর ছিটকে পড়েন। এ সময় কৃষক আয়ুব আলী ঘটনাস্থলে মারা যান। আশপাশের লোকজন মোটরসাইকেল চালককে উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। এ ঘটনায় আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

গাংনীতে বজ্রপাতে কৃষক নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার রুয়েরকান্দি গ্রামে বজ্রপাতে জাব্বারুল ইসলাম (৪০) নামের এক কৃষক নিহত হয়েছেন।

নিহত জাব্বারুল ইসলাম গাংনী উপজেলার রুয়েরকান্দি গ্রামের আব্দাল হকের ছেলে।

আজ শনিবার (১২ আগষ্ট) বিকেল সাড়ে ৪ টার দিকে বাথানপাড়া মাঠে

বজ্রপাতের এই ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, কৃষক জাব্বারুল ইসলাম বাথানপাড়া মাঠে ধান লাগিয়ে বাড়ি ফিরছিলেন। গুড়ি গুড়ি বৃষ্টির সাথে হঠাৎ বজ্রপাত ঘটলে সে আহত হয়। আহতাবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আশিকুজ্জামান জানান, হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় কৃষক নিহত

মেহেরপুর শহরের নতুন পাড়া মোড়ে ভূমি অফিসের সামনে ট্রলির ধাক্কায় মজারুল মন্ডল নামের এক কৃষক নিহত হয়েছে। শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত মজারুল মন্ডল সদর উপজেলার পিরোজপুর গ্রামের আক্তারুল মন্ডলের ছেলে।

পুলিশ জানায়, সকালে বাইসাইকেল যোগে গ্রাম থেকে কৃষক মুজারুল মন্ডল মেহেরপুর শহরে আসার পথে নতুন পাড়া ভূমি অফিসের সামনে পৌঁছালে পিছন থেকে দ্রুতগামী একটি ট্রলি তাকে ধাক্কা দিলে সড়কের উপরে ছিটকে পড়ে। এ সময় স্থানীয়রা তাকে আহত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম জানান, খবর পেয়ে সদর থানা পুলিশ হাসপাতাল থেকে লাশ উদ্ধার করেছে। পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ঘটনার পর থেকে ঘাতক ট্রলি ও চালক পলাতক রয়েছে।

মেহেরপুর বজ্রপাতে কৃষক নিহত

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়াতে বজ্রপাতে লিটন আহম্মেদ (৩২) নিহত ও সুজন হোসেন (২৮) নামের এক কৃষক আহত হয়েছেন।

নিহত লিটন আহম্মেদ কুলবাড়িয়া গ্রামের শফিউল ইসলামের ছেলে ও আহত সুজন একই গ্রামের জাহিরুল ইসলামের ছেলে।

আজ বৃহস্পতিবার (১৩ অক্টোবর) বিকাল সাড়ে তিনটার সময় কুলবাড়িয়া গ্রামের বেইলির মাঠ নামক স্থানে মাঠে শসা তুলতে গিয়ে বজ্রপাতে নিহত হন তিনি।

নিহত লিটনের ভাই আনিছুর রহমান বলেন, আমার ভাই লিটন ও সুজন বেইলির মাঠে শসা তুলছিলেন। হঠাৎ বৃষ্টিপাত শুরু হয়। তারা এসময় একটি গাছের নিচে বসে ছিলেন। গুড়ি গুড়ি বৃষ্টির সাথে হঠাৎ বজ্রপাত ঘটলে দুজনেই মারাত্বক আহত হন। তাদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নিলে লিটন আহম্মেদকে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম সত্যতা নিশ্চিত করেছেন।

মেহেরপুরে বজ্রপাতে ২ কৃষক নিহত, আহত এক গৃহবধু

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের পাঠান পাড়ার নামমাঠ নামক স্থানে কৃষি কাজ করার সময় বজ্রপাতে দুই কৃষক নিহত হয়েছেন।

আজ শুক্রবার দুপুর ২টার দিকে বজ্রপাতাতের এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, শোলমারী গ্রামের পাঠান পাড়ার সামেদ খানের ছেলে শাহ আলম

(২৫), দোয়াত আলীর ছেলে ছোট খোকন (৩০)।

স্থানীয়রা জানান, ঘটনার সময় শোলমারী গ্রামের নামমাঠ নামক স্থানে কৃষি কাজ করছিলেন ছোট খোকন ও শাহ আলম। এসময় হঠাৎ বৃষ্টি শুরু হলে সাথে সাথে বজ্রপাতের ঘটনা ঘটে। এতে ছোট খোকন ও শাহ আলম বজ্রোঘাতে ঘটনাস্থলেই মারা যান। পরে খবর পেয়ে পরিবারের লোকজন মরদেহ উদ্ধার করে।

অপরদিকে, গাংনী উপজেলার গাড়াবাড়িয়াতে বজ্রপাতের ঘটনায় বেদানা খাতুন নামের এক গৃহবধু আহত হয়েছেন। তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত বেদানা একই গ্রামের ওয়াহাবের স্ত্রী।

মেহেরপুরে বজ্রপাতে কৃষক নিহত, আহত দুই গৃহবধুসহ ৪ জন

মেহেরপুরে পৃথক স্থানে বজ্রপাতে আবু বক্কর সিদ্দিক (৪৫) নামে এক কৃষক নিহত ও দুই গৃহবধু আহত হয়েছেন। নিহত আবু বক্কর সিদ্দিক মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের রিয়াজ উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (২১ জুন) দুপুরের দিকে এ বজ্রপাতের ঘটনা ঘটে।

এছাড়া আহতরা হলেন একই উপজেলার গোপালপুর গ্রামের আব্দুস সালামের স্ত্রী আঙ্গুরা খাতুন (৩০) ও রাজাপুর গ্রামের মজিদুল ইসলামের স্ত্রী কহিনুর বেগম (২৫), রাধাকান্তপুর গ্রামের কৃষক আহসান আলী
(৪০) ও রহমতুল্লাহ ।

আহত আঙ্গুরা ও কহিনুরের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল সুমন।



স্থানীয়রা জানান, কৃষক আবু বক্কর সিদ্দিক স্থানীয় মাঠে ধান রোপন

করছিলেন। ঝুম বৃষ্টির সাথে বজ্রপাত হলে আবু বক্কর সিদ্দিক গুরুতর আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল সুমন জানান, আহত দুই নারীর অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের।